# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮৫]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৪০: ফজরের পূর্ব পর্যন্ত নফল সালাতের অনুমতি প্রদান

## إباحة الصلاة إلى أن يصلي الصبح

আরবী

أَخْبَرَنِي الْحَسَنُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ سُلَيْمَانَ، وَأَيُّوبُ بْنُ مُحَمَّدٍ، قَالاَ: حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ، قال أَيُّوبُ حَدَّثَنَا، وَقَالَ حَسَنٌ، أَخْبَرَنِي شُعْبَةُ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، عَنْ يَزِيدَ بْنِ طَلْقٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْبَيْلَمَانِيِّ، عَنْ عَمْرِو بْنِ عَبَسَةَ، قال: أَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، مَنْ أَسْلَمَ مَعَكَ ؟ قَالَ: حُرٌّ وَعَبْدٌ، قُلْتُ: هَلْ مِنْ سَاعَةٍ أَقْرَبُ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ مِنْ أُخْرَى ؟ قَالَ: نَعَمْ، جَوْفُ اللَّيْلِ الْآخِرُ، فَصَلِّ مَا بَدَا لَكَ حَتَّى تُصَلِّيَ الصُّبْحَ، ثُمَّ انْتَهِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَمَا دَامَتْ، وَقَالَ أَيُّوبُ: فَمَا دَامَتْ كَأَنَّهَا حَجَفَةٌ حَتَّى تَنْتَشِرَ، ثُمَّ صَلِّ مَا بَدَا لَكَ حَتَّى يَقُومَ الْعَمُودُ عَلَى ظِلِّهِ، ثُمَّ انْتَهِ حَتَّى تَزُولَ الشَّمْسُ فَإِنَّ جَهَنَّمَ تُسْجَرُ نِصْفَ النَّهَارِ، ثُمَّ صَلِّ مَا بَدَا لَكَ حَتَّى تُصَلِّيَ الْعَصْرَ، ثُمَّ انْتَهِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ فَإِنَّهَا تَغْرُبُ بَيْنَ قَرْنَيْ شَيْطَانٍ وَتَطْلُعُ بَيْنَ قَرْنَيْ شَيْطَانٍ .

تخريج دارالدعوه: سنن ابن ماجہ/إقامة الصلاة ١٤٨ (١٢٥١)، ١٨٢ (١٣٦٤)، (تحفة الأشراف: ١٠٧٦٢)، مسند احمد ٤/١١١، ١١٣، ١١٤ (صحیح) (پچھلی روایت سے تقویت پا کر یہ روایت صحیح ہے، ورنہ اس سند کے اندر ” عبدالرحمن بیلمانی “ ضعیف ہیں)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 585 ـ صحيح

বাংলা

৫৮৪. হাসান ইবনু ইসমাঈল ইবনু সুলায়মান ও আইয়ূব ইবনু মুহাম্মাদ (রহ.) ..... ’আমর ইবনু ’আবাসাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -এর কাছে এসে বললাম, হে আল্লাহর রসূল! আপনার সঙ্গে আর কে ইসলাম গ্রহণ করেছে? উত্তরে বললেন, একজন আযাদ পুরুষ আর একজন গোলাম [আবূ বকর ও বিলাল (রাঃ)]। প্রশ্ন করলাম, এমন কোন সময় আছে কি যাতে অন্য সময়ের চেয়ে আল্লাহ তা’আলার বেশি নৈকট্য লাভ করা যায়? উত্তরে বললেন, হ্যা! রাতের শেষাংশে ফজর আদায়ের পূর্ব পর্যন্ত যা মনে চায়, পড়। তারপর সূর্যোদয় হওয়া এবং লালিমা কেটে আলোকিত হওয়া পর্যন্ত বিরত থাকবে। (রাবী) আইয়ূব বলেন, যে পর্যন্ত সূর্যকে ঢালের মতো মনে হয় এবং সূর্যের আলো ছড়িয়ে না পড়ে ততক্ষণ পর্যন্ত বিরত থাকবে। তারপর খুঁটি তার মূল ছায়ার উপর থাকা পর্যন্ত (দ্বি-প্রহরের পূর্ব পর্যন্ত) যা মনে চায় আদায় কর। তারপর সূর্য ঢলে যাওয়া পর্যন্ত নিবৃত থাক। কেননা দ্বি-প্রহরে জাহান্নামের আগুন অধিক প্রজ্বলিত করা হয়। তারপর ’আসরের সালাত আদায় করা পর্যন্ত যা মনে চায় আদায় কর। এরপর সূর্যাস্ত পর্যন্ত বিরত থাক। কারণ সূর্যের অস্ত এবং উদয় উভয়ই শয়তানের দু’ শিংয়ের মাঝখান দিয়ে হয়।

## English

40. Permission To (Continue) Praying Until One Prays Subh

It was narrated that 'Amr bin 'Abasah said: I came to the Messenger of Allah, who became Muslim with you?' He said: 'Free men and slaves.' I said: 'Is there any moment which brings one closer to Allah than another?' He said: 'Yes, the last part of the night, so pray as much as you want until you pray Subh, then stop until the sun has risen until and it looks like a shield and (its shinning)spreads. Then pray as much as you want until an object's shadow is at its shortest, then stop until the sun passes its zenith, for Hell is stoked at midday. Then pray 'Asr, then stop until you pray 'Asr, then stop until the sun has set, for it sets between the horns of a Shaitan and rises between the horns of a Shaitan.' [1] [1] Similar has been recorded by Muslim.

## ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ১২৫১, মুসনাদে আহমাদ ১৭০৫৯। [দ্রঃ ৫৭৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবন আবাসা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86857

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন